গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
প্রশাসন শাখা
www.udd.gov.bd

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ২৫.৪৫.০০০০.০০২.৯৯.০৭৩.১৭.৪০৩

বিষয়: **‘পরিবেশ সুরক্ষা’ সংক্রান্ত ডি.ও পত্রের কপি প্রেরণ প্রসংগে ।**

সূত্র: ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০৮.২১-৩৩১,তারিখ:-১৮-০৪-২০২৪

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব সাবের হোসেন চৌধুরী, এমপি এর কর্তৃক ‘পরিবেশ সুরক্ষা’ সংক্রান্ত ডি.ও পত্রের ছায়ালিপি সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরন করা হলো ।
সংযুক্তি:- ‘পরিবেশ সুরক্ষা’ সংক্রান্ত ডি.ও পত্রের কপি ।



০২-০৬-২০২৪
মোঃ সাইফুর রহমান
প্ল্যানার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২২৩৩৮৪৯৩১
sadabali858@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**


১। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর;
২। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর;
৩। সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
৪। সিনিয়র প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, সিলেট আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট;
৫। সিনিয়র প্ল্যানার , সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, খুলনা আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, খুলনা;
৬। সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
৭। সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর;
৮। সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
৯। সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর;
১০। সিনিয়র প্ল্যানার , সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, বরিশাল আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল;
১১। সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর;
১২। প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
১৩। জিওগ্রাফার, গবেষণা, নগর উন্নয়ন অধিদপ্তর;
১৪। অর্থনীতিবিদ, গবেষণা, নগর উন্নয়ন অধিদপ্তর;
১৫। পরিকল্পনা সহকারী, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
১৬। সহকারী প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
১৭। প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর;
১৮। সহকারী প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর;

১৯। প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর;
২০। সহকারী প্ল্যানার, রিজিওনাল প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
২১। প্ল্যানার, রিজিওনাল প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
২২। প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর;
২৩। হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর;
২৪। সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী এবং
২৫। সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, কক্সবাজার আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, কক্সবাজার।

**স্মারক নম্বর:** ২৫.৪৫.০০০০.০০২.৯৯.০৭৩.১৭.৪০৩/১ (২)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে:
১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর এবং
২। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।



০২-০৬-২০২৪
মোঃ আব্দুর রাজ্জাক শিকদার
প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**
(১) ‘পরিবেশ সুরক্ষা’ সংক্রান্ত ডি.ও পত্রের ছায়ালিপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd.

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০৮.২১-৩৩২

তারিখঃ ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৪খ্রিঃ

**বিষয়:** পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব সাবের হোসেন চৌধুরী, এমপি এর কর্তৃক 'পরিবেশ সুরক্ষা, সংক্রান্ত ডি.ও পত্র।

উপর্যুক্ত বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব সাবের হোসেন চৌধুরী, এমপি এর নিকট হতে প্রাপ্ত ডি.ও পত্রের ছায়ালিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৮/০৪/২০২৪
(ফরিদা ইয়াসমিন)
উপসচিব
তারালাপনঃ ৯৫১২২৩১

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৬. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক)/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (খুউক)/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (রাউক)/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক)/ গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ (গউক)।
৭. মহাপরিচালক, এইচ বি আর আই, ১২০/৩ দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
৮. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বরঃ ২৫.০০.০০০০. ০১৫.৯৯.০০৮.২১-৩৩২

তারিখঃ ০৫ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৪ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণাল য়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

১৮/০৪/২০২৪
(ফরিদা ইয়াসমিন)
উপসচিব

মাননীয় মন্ত্রী
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
সচিব
চেয়ারম্যান ঃ এনএইচএ/রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ
প্রধান প্রকৌশলী ঃ গণপূর্ত অধিদপ্তর
প্রধান স্থপতি ঃ স্থাপত্য অধিদপ্তর
পরিচালক ঃ সরকারী আবাসন পরিদপ্তর/নগর উন্নয়ন অধিদপ্তর/এইচবিআরআই/অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর
স্বাঃ
তাং-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাননীয় মন্ত্রীর দপ্তর
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নং- ২৩৬
তারিখ: ২৫.০৩.২৪

**সাবের হোসেন চৌধুরী এমপি**
মন্ত্রী
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আ,স. পত্র নং- ২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২৩-১৫৮ তারিখ : ১৮ মার্চ ২০২৪

প্রিয় সহকর্মী

আপনি নিশ্চয়ই অবহিত আছেন যে, বাংলাদেশের মহান সংবিধান (অনুচ্ছেদ ১৮ক), বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং জাতিসংঘের বিভিন্ন সনদের স্বাক্ষরকারী রাষ্ট্র হিসেবে বাংলাদেশ পরিবেশ, জীববৈচিত্র্য রক্ষা ও জলবায়ুর অভিঘাত মোকাবেলার অঙ্গীকার ব্যক্ত করেছে। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে জলবায়ু পরিবর্তন মোকাবেলা ও পরিবেশ সুরক্ষাকে বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের একটি হলো 'পরিবেশ সুরক্ষা'। পরিবেশ সুরক্ষায় আমরা বায়ুদূষণ নিয়ন্ত্রণ, প্লাস্টিক দূষণ, শব্দদূষণ নিয়ন্ত্রণ ও বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছি। তন্মধ্যে প্লাস্টিক দূষণ নিয়ন্ত্রণ কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২। বাংলাদেশে শহরাঞ্চলে প্রায় ৩০,০০০ মে. টন মিউনিসিপ্যাল মিশ্র কঠিন বর্জ্য তৈরি হয় যার মধ্যে গড়ে ১০% প্লাস্টিক বর্জ্য অন্তর্ভুক্ত যা বছরে প্রায় ৮,২১,২৫০ টন। সাম্প্রতিক বিশ্বব্যাংকের সমীক্ষায় ৩৬% প্লাস্টিক বর্জ্য পুনর্ব্যবহৃত হয়, ৩৯% ল্যান্ড ফিলিং করা হয় এবং বাকি ২৫% নদী ও সমুদ্রে পতিত হয়। যার পরিমাণ প্রতি বছর প্রায় ২০৭,৬৮৫ টন।

৩। সরকার কর্তৃক বিগত ২০০২ সালে পলিথিন শপিং ব্যাগ নিষিদ্ধ ঘোষিত হলেও বিভিন্ন পণ্যের অতিরিক্ত প্লাস্টিকজাত মোড়ক এবং দৈনন্দিন জীবনে সিঙ্গেল ইউজ প্লাস্টিক পণ্যের যেমন: ড্রিংকিং স্ট্র, একবার ব্যবহার্য প্লাস্টিকের ছুরি, চামচ, প্লেট, গ্লাস, স্টারার, স্যাশে, স্টাইরোফোম, ফুড প্যাকেজিং, প্লাস্টিকের কাটলারি, প্লাস্টিকের ব্যাগ ইত্যাদির অপরিকল্পিত Disposal এবং পুন:ব্যবহার অসম্ভব বিধায় প্লাস্টিক দূষণ হতে পরিবেশ ও প্রতিবেশের সুরক্ষায় শতভাগ সফলতা অর্জন সম্ভব হচ্ছে না। দুর্বল বর্জ্য ব্যবস্থাপনার দরুন non-biodegradable প্লাস্টিক অত্যন্ত ধীরগতিতে আমাদের খাদ্য শৃঙ্খলে অনুপ্রবেশ করে। প্লাস্টিক/পলিথিন অপচনশীল হওয়ায় পরিবেশে দীর্ঘসময় বিদ্যমান থেকে পরিবেশের (মাটি, পানি ও বায়ু) ক্ষতিসাধনসহ জলাবদ্ধতা সৃষ্টি ও মাটির উর্বরতা নষ্ট করে।

৪। উল্লেখ্য, সরকার কর্তৃক সকল ধরণের প্লাস্টিক ও পলিথিন বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে ১০বছর মেয়াদী কর্মপরিকল্পনায় ২০২৫ সালের মধ্যে ৫০% প্লাস্টিক বর্জ্য রিসাইকেল নিশ্চিত করা, ২০২৬ সালের মধ্যে ৯০% সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করা এবং ২০৩০ সালের মধ্যে ৩০% প্লাস্টিক বর্জ্য উৎপাদন হ্রাস করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে ৯০% সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার বন্ধ করতে হলে সরকারের প্রতিটি মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাকে সমন্বিতভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে নতুবা এর বাস্তবায়ন কঠিন হবে।

৫। প্রতিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলা, গবেষণা, উদ্ভিজ্জ জরিপ এবং বনজ সম্পদ উন্নয়নের মাধ্যমে টেকসই পরিবেশ ও বন নিশ্চিতকরণ এ মন্ত্রণালয়ের অন্যতম লক্ষ্য। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন এবং এ মন্ত্রণালয়ের চ্যালেঞ্জ ও সমস্যা সমাধানে অগ্রাধিকার নির্ধারণ ও যথাযথ উদ্যোগ গ্রহণকল্পে ১০০ কর্মদিবসের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কর্মপরিকল্পনার আওতায় সারাদেশে প্লাস্টিকদূষণের বিষয়ে সচেতনতা তৈরি ও কার্যকর পদক্ষেপ গ্রহণের অংশ হিসেবে বাংলাদেশ সচিবালয়-কে Single Use Plastic (SUP) ফ্রি ঘোষণার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্যোগে সকল মন্ত্রণালয়ের অংশগ্রহণ অত্যন্ত জরুরী।

৬। বর্ণিত প্রেক্ষাপটে, এ উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধে আপনার মন্ত্রণালয়/দপ্তর/সংস্থায় (ক) নিমন্ত্রণপত্র/ভিজিটিং কার্ড, ফাইল ফোল্ডার ইত্যাদির লেমিনেটিং বন্ধ করা (খ) সভাকক্ষে সিঙ্গেল ইউজ প্লাস্টিক বোতলের পরিবর্তে কাঁচের বোতল/পরিবেশ বান্ধব উপাদান সম্বলিত পুন:ব্যবহারযোগ্য বোতল ব্যবহার করা (গ) প্লাস্টিকের ব্যাগ, একবার ব্যবহার্য প্লাস্টিকের ছুরি, চামচ, প্লেট, গ্লাস, স্টারার (যেমন চা, কফি নাড়ার জন্য ছোট স্টিক/কাঠি), স্যাশে (চা বা কফির প্লাস্টিকের ছোট প্যাকেট বা মিনিপ্যাক), খাবারের মোড়ক এবং স্টাইরোফোম ইত্যাদি পণ্যের ব্যবহার বন্ধকরণপূর্বক বাংলাদেশ সচিবালয়-কে Single Use Plastic (SUP) ফ্রি ঘোষণার উদ্যোগ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও অধীনস্থ দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদানে আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।

প্রশাসন অধিশাখা
ডায়েরী নম্বর: ৫৭৬
১ সিস্টেম এনালিস্ট
২ হিসাবরক্ষণ কর্মকর্তা
৩ প্রশাসনিক কর্মকর্তা
৪ বিবিধ

শুভেচ্ছান্তে
২৭/৩/২৪

১৮/০৩/২৪
সাবের হোসেন চৌধুরী, এমপি
মন্ত্রী

জনাব র.আ.ম. উবায়দুল মোকতাদির চৌধুরী, এমপি
মাননীয় মন্ত্রী
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়

২৫/০৩/২৪